যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৪৯৩

১/ বিবিধ

আরবী

نهى أن يركب ثلاثة على دابة

ضعيف

روي من حديث جابر: قال الهيثمي في " المجمع " (8 / 109) : رواه الطبراني في " الأوسط " وفيه سليمان بن داود الشاذكوني وهو متروك

قلت: لأنه كان يكذب كما تقدم، لكن روى الحديث بإسناد خير من هذا، فقال أبو بكر بن أبي شيبة في " كتاب الأدب " (1 / 153 / 1) : حدثنا عبد الرحيم بن سليمان عن إسماعيل عن الحسن عن مهاجر بن قنفذ قال: كنا نتحدث معه إذ مر ثلاثة على حمار فقال للآخر منهم: انزل لعنك الله

قال: فقيل له: أتلعن هذا الإنسان؟ قال: فقال: قد نهينا أن يركب الثلاثة على الدابة

وإسماعيل هو بن مسلم البصري المكي وهو ضعيف، ثم روى ابن أبي شيبة بإسناد صحيح عن زاذان أنه قال كذا رأى ثلاثة على بغل فقال: لينزل أحدكم فإن رسول الله صلى الله عليه وسلم لعن الثالث

وهذا مرسل صحيح الإسناد، لأن زاذان وهو أبو عبد الله الكندي ثقة من رجال مسلم، وقد صح ركوبه صلى الله عليه وسلم على الدابة وأمامه عبد الله بن جعفر، وخلفه الحسن أو الحسين رواه مسلم، وهو مخرج في " صحيح أبي داود " (2312) فإن صح النهي حمل على الدابة التي لا تطيق، وذلك من باب الرفق بالحيوان وقد

صح في ذلك الكثير الطيب انظر المجلد الأول من " الصحيحة

বাংলা

৪৯৩। তিনি তিনজন করে পশুর (পিঠে) উপর আরোহন করতে নিষেধ করেছেন।

হাদীসটি দুর্বল।

এটি জাবের (রাঃ)-এর হাদীস হতে বর্ণিত হয়েছে। হায়সামী “আল-মাজমা" গ্রন্থে (৮/১০৯) বলেনঃ হাদীসটি তাবরানী “মুজামুল আওসাত” গ্রন্থে বর্ণনা করেছেন। যার সূত্রে সুলায়মান ইবনু দাউদ শাযকূনী রয়েছেন। তিনি মাতরুক।

আমি (আলবানী) বলছিঃ কারণ তিনি মিথ্যা বলতেন। যেমনটি তার সম্পর্কে পূর্বে আলোচনা হয়েছে। তাবারানী তার পরক্ষণেই (১/১১৪/৭৬৬৩) বলেছেনঃ শাযকুনী হাদীসটি এককভাবে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ তার শাইখ আবু উমাইয়া ইবনু ইয়ালাকে দারাকুতনী দুর্বল আখ্যা দিয়েছেন। ইবনু আবী শায়বা “কিতাবুল আদাব” গ্রন্থে (১/১৫৩/১) হাদীসটি বর্ণনা করেছেন। যার সনদে ইসমাঈল ইবনু মুসলিম বাসরী মাক্কী রয়েছেন। তিনি দুর্বল।

ইবনু আবী শায়বা সহীহ সনদে যাযান হতে মুরসাল হাদীসে বর্ণনা করেছেন, রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তিনজনের তৃতীয় জনকে অভিশাপ দিয়েছেন। এ যাযান হচ্ছেন আবু আবদিল্লাহ আল-কিন্দী। তিনি নির্ভরশীল, ইমাম মুসলিমের বর্ণনাকারী।

রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে সহীহ সূত্রে পশুর উপর তিনজন আরোহন করেছেন তা সাব্যস্ত হয়েছে। তার সামনে ছিলেন আব্দুল্লাহ ইবনু জাফার, পিছনে হাসান অথবা হুসাইন। এটি ইমাম মুসলিম বর্ণনা করেছেন। "সহীহ আবু দাউদ" গ্রন্থে (২৩১২) এটির তাখরীজ করা হয়েছে। যদি নিষেধটি সঠিক হয়, তাহলে যে পশু বোঝা নিতে সক্ষম নয় তার ক্ষেত্রে সেটি প্রযোজ্য।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=68078

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন